

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০৩.২৪-৪৬১

তারিখ : ১৫ পৌষ ১৪৩১  
৩০ ডিসেম্বর ২০২৪

**প্রজ্ঞাপন**

যেহেতু, ফরিদপুর জেলার বোয়ালমারী সাব-রেজিস্ট্রি অফিসের সাবেক সাব-রেজিস্ট্রার [বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর] জনাব মোঃ শাহজাহান মোল্লা-এর বিরুদ্ধে ফরিদপুর জেলার বোয়ালমারী সাব-রেজিস্ট্রি অফিসে সাব-রেজিস্ট্রার থাকাকালীন ২০২৩ সনে সর্বমোট ৭,৬২১ টি দলিলের মধ্যে ৭,২২০ টি দলিলে এবং ২৫১ টি বালাম বহিতে এবং উক্ত জেলার মধুখালী ও আলফাডাঙ্গা সাব-রেজিস্ট্রি অফিসে খন্ডকালীন দায়িত্ব পালনকালে যথাসময়ে মধুখালী সাব-রেজিস্ট্রি অফিসে ৪০০ টি দলিলে ও আলফাডাঙ্গা সাব-রেজিস্ট্রি অফিসে ২২৪৫ টি দলিলে এবং ৫১টি বালাম বহিতে যথাসময়ে সহি সম্পন্ন না করে কর্মস্থল ত্যাগের অভিযোগের প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে ০২/২০২৪ নম্বর বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাঁকে 'চাকুরী হতে বরখাস্ত' করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে নোটিশ জারি করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শাহজাহান মোল্লা কর্তৃক গত ১৭-১১-২০২৪ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলের পর গত ১৭-১২-২০২৪ খ্রি. তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্যে তাঁর পূর্ববর্তী কর্মস্থল অর্থাৎ ফরিদপুর জেলার বোয়ালমারী সাব-রেজিস্ট্রি অফিস এবং উক্ত জেলার মধুখালী ও আলফাডাঙ্গা সাব-রেজিস্ট্রি অফিসের কিছু বালাম ও দলিলে সহি না করার বিষয়ে এ বিভাগীয় মামলায় তাঁর উপর আনিত অভিযোগ তিনি স্বীকার করেছেন;

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শাহজাহান মোল্লা এর উক্ত স্বীকারোক্তির ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৭ (২)(খ) মোতাবেক তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় ০২/২০২৪ নম্বর বিভাগীয় মামলায় তাঁকে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব, তাঁর আগামী ৩১-১২-২০২৪ খ্রি. তারিখ হতে অবসর উত্তর ছুটির শুরু এবং প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনান্তে উক্ত বিধিমালার বিধি ৪(২)(ক) মোতাবেক শাস্তি হিসেবে তাঁকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

৪। সেহেতু, ফরিদপুর জেলার বোয়ালমারী সাব-রেজিস্ট্রি অফিসের সাবেক সাব-রেজিস্ট্রার [বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর] জনাব মোঃ শাহজাহান মোল্লা-এর বিরুদ্ধে রুজুকৃত ০২/২০২৪ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব, তাঁর আগামী ৩১-১২-২০২৪ খ্রি. তারিখ হতে অবসর উত্তর ছুটির শুরু এবং প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে উক্ত বিধিমালার বিধি ৪(২)(ক) মোতাবেক তাঁকে লঘুদণ্ড হিসাবে 'তিরস্কার' প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



৩০/১২/২০২৪

(শেখ আবু তাহের)


সচিব

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০৩.২৪-৪৬১/১(১০)

তারিখ : ৩০-১২-২০২৪ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ নং আব্দুল গণি রোড, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬. জেলা রেজিস্ট্রার, ফরিদপুর।
৭. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ফরিদপুর।
৮. জনাব মোঃ শাহজাহান মোল্লা, সাবেক সাব-রেজিস্ট্রার, বোয়ালমারি, ফরিদপুর (বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা)।
৯. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বোয়ালমারি, ফরিদপুর।
- ✓ ১০. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. অফিস কপি/গার্ড ফাইল।

  
(মোহাম্মদ আযিযুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৪১০৫২১৭২